

কলকাতার

কলকাতা সংস্করণ

৩৯ বর্ষ ৭২ সংখ্যা □ ২৩ ডিসেম্বর, ২০০৫ □ ৭ পৌষ, ১৪১২ □ শুক্রবার □ ২.০০ টাকা

চিত্রকলা শিল্প প্রদর্শনী

ইচ্ছার আঙা বহ রঙে চলা



শিল্পী: শুক্রা চৌধুরী

KOLKATA / 23 DECEMBER, 2005

বিশ্বভরা প্রাণের স্পন্দনে শুধুই চলা। থমকে যাওয়ার যেখানে অবসর নেই তেমন চলা নিয়ে কাগজ কানভাস ভরে ওঠে। শিল্পীর প্যালেটে বিশ্ব থেকে নিকিয়ে নেওয়া রঙ যেন আমাদের দেখা না দেখার বিমূর্ততাকে ছাপিয়ে গতিময় জীবন চলার সন্ধান দেয়। মিশ্রমাধ্যমে প্রতিটি ছবি কালো ফ্রেমের সীমানা ছাড়িয়ে অসীম পথের দিক নির্দেশ করে। সম্প্রতি বিজ্ঞান আকাদেমিতে আয়োজিত গুরুা চৌধুরীর একক প্রদর্শনীতে রঙে রঙে স্বাচ্ছন্দ্য বিস্তারে উঠে এল এমনই জীবন চলা। রঙ, শিল্পীর ইচ্ছার কাছে যে এতটা আঙা বহ না দেখলে বোঝা যাবে না। শুক্রার কলকাতায় এটি প্রথম একক। তিরিশ বছর পর শিল্পীর আত্মপ্রকাশ, অথচ 'দ্য ফ্লাইট অব দ্য ফোয়েনিজ' শিরোনামের ছবিতে এত আলোকময় জীবন সন্ধান ইদনিং কমই চোখে পড়ে। শুক্রা তার ছবির মধ্যে নিত্য নতুন এগিয়ে চলা জীবনের গতি সঞ্চারণ করেছেন দৃশ্য ব্রাশিং আর স্পেসের পরিমিত ব্যবহারে। ব্রাশ ছাড়াও রঙের নির্মাণে স্প্যাচুলা, নারকেল দড়ি এমনকি রন্ধনশালার খুঁটিও বাদ যায়নি। হাত দিয়ে রঙের ছিটে সাদা-কালো ক্যানভাসে ভাবনাগুলি বিমূর্ত থেকে মূর্ত হয়ে ওঠার মাঝেই শব্দ কল্প-জীবন বোধ গড়ে দেয়। 'দ্য ফ্লাইট অব দ্য

ফোয়েনিজ' ভাবনার শিল্পীর ইচ্ছা শক্তির স্বতঃস্ফূর্ত প্রকাশ রয়েছে। ছবির রঙ প্রয়োগে যেমন মৌলিক প্রয়োগ প্রকরণ তেমনই রয়েছে নানা কালেক্টিভ ফর্ম। টেক্সটাইল ফর্মের ছায়া বিন্যাস স্বেচনও ছবির নির্মাণে এসে গেটা বিবর্তনকে অন্য ধাক্কা দেয়। ফরেন সাউন্ড অব ভাইব্রেশন সাদা কালোর মত জিন ছবিতে ভাবনার অতট বাস্তব ঘড়িয়ে দেন শিল্পী অনারাসেই। প্রদর্শনীর আর একটি ছবিতে নির্দিষ্ট কৌণিক বিন্দু থেকে সাত রঙা রঙে আলোর বিন্যাস আবার কখনো ঘড়ির কাঁটার বিপরীত গতিতে ব্রাশিং স্ট্রোক নিয়ে নির্মাণে আমাদের চোখকে আলোকে উৎসারিত অন্য গতিছন্দ নিয়ে যায়। শিল্পী শুক্রা তার 'গ্যালাক্সি' শীর্ষক ছবিতে গ্রহ-নক্ষত্রের গতিপথে পরীক্ষামূলক নিজের ভাবনার অবস্থানকেও কৌতুহল বশত দেখে নিতে ভুল করেন না। 'রিচ ফর দ্য স্টারস' কিংবা 'আননোন থটস' ছবিতে হলদ খয়েরি রঙের প্রক্ষেপণ রীতিমত উন্নত। 'দ্য ভ্যালি' বিমূর্ত ভাবনায় প্রকৃতি সজ্জাত জীবনের জাগরণ আর তারই সন্ধান উঠে এসেছে। প্রদর্শনীতে যে দুটি প্যাস্টেল প্রয়োগ নির্মাণ ছিল তাতেও মূর্ত হয়ে উঠেছে না বলা ভাষা রঙের পরিমিত প্রক্ষেপণে।

শেখর বন্দ্যোপাধ্যায়